# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## হাইকোর্ট বিভাগ
## বিচার শাখা

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-০১/২০২৫ জে, তারিখ: ০৮ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ২২ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: দেশের সকল অধস্তন আদালত/ট্রাইব্যুনালে কর্মরত সহায়ক কর্মকর্তা ও কর্মচারীগণের আন্তঃজেলা বদলির ক্ষেত্রে অত্র কোর্ট কর্তৃক নির্ধারিত 'আবেদন ফরম' যথাযথভাবে পূরণপূর্বক বদলির আবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সম্প্রতি অত্র কোর্টের গোচরীভূত হয়েছে যে, দেশের সকল অধস্তন আদালত/ট্রাইব্যুনালে কর্মরত সহায়ক কর্মকর্তা ও কর্মচারীগণের প্রেরিত আন্তঃজেলা বদলির আবেদনপত্রে প্রায়শই নির্ভুল তথ্যের অনুপস্থিতি/ভুল তথ্য উপস্থাপন করা হচ্ছে। ফলে উপযুক্ত তথ্যের অভাবে উক্ত আন্তঃজেলা বদলির আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে টেলিফোনের মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হচ্ছে। অনেক সময় টেলিফোনের মাধ্যমে কাঙ্খিত প্রকৃত তথ্য পাওয়া যাচ্ছে না বা অনেক ক্ষেত্রে বিলম্ব হচ্ছে কারণ সংশ্লিষ্ট আদালত/ট্রাইব্যুনালের উপযুক্ত কর্মকর্তা/কর্মচারী কর্তৃক বদলিপ্রার্থীর বিষয়ে তাৎক্ষণিক কোনো তথ্য দিতে পারেন না। ফলে আন্তঃজেলা বদলির আবেদন নিষ্পত্তিতে বিঘ্ন ঘটছে এবং প্রশাসনিক জটিলতা তৈরি হচ্ছে।

২। এমতাবস্থায়, উল্লিখিত জটিলতা নিরসনের লক্ষ্যে এবং অধস্তন আদালত/ট্রাইব্যুনালে কর্মরত সহায়ক কর্মকর্তা ও কর্মচারীগণের আন্তঃজেলা বদলির আবেদন সুচারুভাবে ও দ্রুততার সাথে নিষ্পত্তির নিমিত্ত অত্র কোর্ট কর্তৃক সহায়ক কর্মকর্তা ও কর্মচারীগণের বদলির জন্য নির্ধারিত 'আবেদন ফরম' যথাযথভাবে পূরণপূর্বক বদলির আবেদন প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

৩। উল্লেখ্য যে, অত্র কোর্ট কর্তৃক সহায়ক কর্মকর্তা ও কর্মচারীগণের বদলির জন্য নির্ধারিত 'আবেদন ফরম' অত্রসাথ সংযুক্ত করা হলো, যা অত্র কোর্টের ওয়েবসাইট হতে সফটকপি ডাউনলোড করে কম্পিউটারে পূরণ করে অতঃপর তা প্রিন্ট করে স্বাক্ষরসহ প্রেরণ করতে হবে।

৪। এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

মাননীয় প্রধান বিচারপতির সানুগ্রহ আদেশক্রমে

**স্বাক্ষরিত**

(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২-২২৩৩৫৮৭৮০
ইমেইল: registrar.judicial@supremecourt.gov.bd

স্মারক নং-১ই-০৬/২০২৫-৬৭৭ জে, তারিখ: ০৮ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ২২ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,............................................................ (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ........................................................ (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, .....................................(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ...................... (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,..................... (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,.......................................... (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল,................................ (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,............................................. (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।

(২-১০: প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ..................................................................................... (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ........................................................................(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ............................................ (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ....................................................................................... (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,............................................ (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ........................................................................................ (সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, .................................................................................... (সকল)।
৩৯। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪১। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪২। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা (চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪৩। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৪। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৫। মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৬। মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৭। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৮। অফিস কপি।

22.01.25

(ড. মোঃ আতিকুস সামাদ)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোন: ০২২২৩৩৮১৮৬৫

# আদালত/ট্রাইব্যুনালের সহায়ক কর্মকর্তা/কর্মচারীগণের বদলির আবেদন ফরম

বরাবর
মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

(সম্প্রতি তোলা এক কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি স্ট্যাপলার করতে হবে)

মাধ্যমঃ সংশ্লিষ্ট কর্তৃপক্ষসমূহ

**বিষয়ঃ বদলির আবেদন।**

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | আবেদনকারীর নামঃ | | | |
| ২. | পদবী ও কর্মস্থলঃ | | | |
| ৩. | জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন নম্বরঃ | | | |
| ৪. | জন্মস্থান ও জন্ম তারিখঃ | | | |
| ৫. | পিতার নামঃ | | | |
| ৬. | মাতার নাম ঃ | | | |
| ৭. | বর্তমান ঠিকানা | | স্থায়ী ঠিকানা | |
| ৮. | মোবাইল নম্বরঃ | ৯. | ই-মেইল (যদি থাকে)ঃ | |
| ১০. | জাতীয়তাঃ | ১১. | জেন্ডারঃ | |
| ১২. | বর্তমান পদ ও বদলীর জন্য আবেদনকৃত পদ সংক্রান্ত তথ্যাদিঃ | | | |

| | বর্তমান | আবেদনকৃত |
|---|---|---|
| কর্মস্থলঃ | | |
| পদবীঃ | | |
| গ্রেডঃ | | |
| বেতন স্কেলঃ | | |
| পদে প্রবেশের যোগ্যতাঃ | | |
| পদের দায়িত্ব সমূহঃ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩. | বদলীর আবেদনের কারণঃ | | | |
| ১৪. | চাকরীতে স্থায়ী হওয়ার তারিখ ও স্মারকঃ | | | |
| ১৫. | বর্তমান পদে কর্মরত থাকার সময়কালঃ | | | |
| ১৬. | বর্তমান পদে নিয়োগ/পদোন্নতির তারিখ ও স্মারকঃ | | | |
| ১৭. | বর্তমান পদে নিয়োগ/পদোন্নতির পর কর্মস্থলসমূহঃ | | | |
| | বর্তমান কর্মস্থলের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক পূরণীয় | অনুমোদিত পদ | শূন্য পদ | সংশ্লিষ্ট কর্তৃপক্ষের স্বাক্ষর |
| ১৮. | বর্তমান কর্মস্থলে ও পদে অনুমোদিত পদ এবং শূন্য পদের সংখ্যা | | | |
| | আবেদনকৃত কর্মস্থলের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক পূরণীয় | অনুমোদিত পদ | শূন্য পদ | সংশ্লিষ্ট কর্তৃপক্ষের স্বাক্ষর |
| ১৯. | আবেদনকৃত কর্মস্থলে ও পদে অনুমোদিত পদ এবং শূন্য পদের সংখ্যা | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ২০নং ও ২১নং কলাম বর্তমান কর্মস্থলের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক পূরণীয় | | | মন্তব্য | স্বাক্ষর |
| ২০. | আবেদনকারীর নামে বর্তমানে কোনো বিভাগীয় মামলা আছে কিনা? | হ্যাঁ ☐ | না ☐ | | |
| ২১. | আবেদনকারীর নামে বর্তমানে কোনো অভিযোগ/কারণ দর্শানোর নোটিশ আছে কিনা? | হ্যাঁ ☐ | না ☐ | | |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, আমি বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বিচার শাখা) এর বিজ্ঞপ্তি নং-৫/২০২৩ জে, তারিখ ০২ মার্চ ২০২৩ খ্রি. অনুসরণ পূর্বক অত্র আবেদন দাখিল করেছি এবং উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোনো তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। এমতাবস্থায়, আমাকে আবেদনকৃত কর্মস্থলে বদলীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে মহোদয়ের সদয় মর্জি হয়।

.............................................................
আবেদনকারীর স্বাক্ষর

তারিখ ঃ

.............................................................
বর্তমান কর্মস্থলের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষর ও সীল

**সংযুক্তিঃ**

১। চাকরীতে যোগদানকালে পুলিশ ভেরিফিকেশন ফরম ও রিপোর্ট;
২। বর্তমান কর্মস্থলের নিয়োগকারী ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র; (অনাপত্তিপত্র প্রদানকারী কর্তৃপক্ষ সংযুক্ত করবেন)
৩। আবেদনকৃত কর্মস্থলের নিয়োগকারী ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র; (অনাপত্তিপত্র প্রদানকারী কর্তৃপক্ষ সংযুক্ত করবেন)
৪। অন্যান্য কাগজপত্রাদি।